দৈনিক সংবাদ

তারিখ 05 OCT 1998
পৃষ্ঠা 7 কলাম 8

# আরও আড়াইশ' স্কুলে ডবল শিফট চালু হচ্ছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

দেশের আরো প্রায় আড়াইশ' সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ডাবল শিফট চালুর প্রক্রিয়া চলছে। আগামী শিক্ষাবর্ষ থেকেই এসব বিদ্যালয়ে ডাবল শিফট চালু হবে বলে আশা করা হচ্ছে।

বর্তমানে দেশের ৬৮টি সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ডাবল শিফট চালু রয়েছে। শিক্ষার্থীদের অস্বাভাবিক চাহিদা পূরণের লক্ষ্যকে সামনে রেখে আগামী শিক্ষাবর্ষ থেকে ওই প্রায় আড়াইশ' মাধ্যমিক বিদ্যালয়ে ডাবল শিফট চালু করার উদ্যোগ নেয়া হয়েছে বলে জানা গেছে।

সংশ্লিষ্ট একটি সূত্রে বলা হয়েছে যে, ডাবল শিফট-এর একটির নাম হবে মর্নিং শিফট এবং অপরটির নাম হবে ডে শিফট। প্রত্যেক শিফট-এর সময়সীমা হবে ৫ ঘন্টা। মর্নিং শিফট শুরু হবে সকাল ৭টায় এবং তা চলবে দুপুর ১২টা পর্যন্ত। ডে-শিফট দুপুর ১২টা থেকে শুরু হয়ে বিকেল ৫টা পর্যন্ত চলবে। পরীক্ষামূলকভাবে পাঁচবছর চলবে এ ব্যবস্থা। এতে ব্যয় ধরা হয়েছে প্রায় সাড়ে ৫৬ কোটি টাকা।

একই সূত্রে বলা হয়েছে, যেসব মাধ্যমিক বিদ্যালয়ে সহশিক্ষা চালু রয়েছে, সেসব বিদ্যালয়ে ছাত্রীদের জন্য মর্নিং শিফট এবং ছাত্রদের জন্য ডে-শিফট চালু করা হতে পারে। এসব বিদ্যালয়ের ছাত্রছাত্রীর সংখ্যা কমপক্ষে ৬শ' হতে হবে। তা হলেই এগুলোতে ডাবল শিফট চালু করার অনুমতি প্রদান করা হবে।

ডাবল শিফট চালু হলে সংশ্লিষ্ট মাধ্যমিক বিদ্যালয়ে আরো ৮ জন শিক্ষক নিয়োগ করা যাবে। এদের মধ্যে রয়েছেন ১ জন সহকারী প্রধান শিক্ষক এবং ৭ জন সহকারী শিক্ষক। সরকারি বিধি-বিধান অনুযায়ী এসব শিক্ষক নিয়োগ করা হবে বলে জানা গেছে।